

পুরোদমে চালু হলো জায়েদ আন্তর্জাতিক বিমানবন্দর

- A Monitor Desk Report

Date: 01 October, 2024



আবুধাবি: নির্ধারিত সময়ের আগে সংস্কার শেষ করে পুনরায় চালু হয়েছে আবুধাবির জায়েদ আন্তর্জাতিক বিমানবন্দরের উত্তর রানওয়ে।

সর্বশেষ এ প্রকল্পে সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) অন্যতম বিমানবন্দরের রানওয়েটি আরো শক্তিশালী করা হয়েছে। এতে ঢালাইয়ে ব্যবহৃত হয়েছে ২ লাখ ১০ হাজার টন অ্যাসফল্ট। পাশাপাশি প্রযুক্তিগত উন্নয়নের তথ্য জানিয়েছে সংযুক্ত আরব আমিরাত বিমানবন্দর পরিচালনা প্রতিষ্ঠান আবুধাবি এয়ারপোর্টস।

নতুন প্রযুক্তির মধ্যে রয়েছে গ্রাউন্ড ভিজিবিলাটি মনিটরিং সিস্টেম ও ইনস্ট্রুমেন্ট ল্যান্ডিং সিস্টেম। এছাড়া ১২ হাজারের বেশি হ্যালোজেন এয়ারফিল্ড লাইটের স্থলাভিষিক্ত হয়েছে এলইডি প্রযুক্তি।

কর্তৃপক্ষ বলছে, নিরাপত্তা, নিখুঁত পরিচালনা ও টেকসই পরিবেশগত উন্নয়নের লক্ষ্যে এবারকার প্রযুক্তিগত উন্নয়ন। আবুধাবি এয়ারপোর্টসের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও এলেনা সর্লিনি এ প্রকল্পের সাফল্যকে সূক্ষ্ম পরিকল্পনা ও শক্তিশালী অংশীদারত্বের ফল হিসেবে উল্লেখ করেছেন।

তিনি বলেন, ‘আকাশপথে চলাচলের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে এবং বিমানবন্দরের কার্যকারিতা বাড়াতে এ প্রকল্প সহায়তা করবে।’ ইউএইর বিমানবন্দরগুলো এ বছরের প্রথমার্ধে ২০২৩ সালের একই সময়ের তুলনায় যাত্রী চলাচলে ১৪ দশমিক ২ শতাংশ বৃদ্ধি দেখেছে। জানুয়ারি-জুন জায়েদ আন্তর্জাতিক বিমানবন্দর ১ কোটি ৩৭ লাখেরও বেশি যাত্রীকে স্বাগত জানিয়েছে, যা গত বছরের তুলনায় ৩৩ দশমিক ৮ শতাংশ বেশি। বিমানবন্দর কর্তৃপক্ষের মতে, যাত্রী সংখ্যার এ বৃদ্ধি প্রধান পরিবহন কেন্দ্র হিসেবে আবুধাবির ক্রমবর্ধমান গুরুত্ব তুলে ধরেছে।

পাশাপাশি এটি আরব আমিরাতের অর্থনীতিতে পর্যটন, বাণিজ্য ও কর্মসংস্থানে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে।

